# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd


ক্রেডিট বিভাগ

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/১(১৩)/২০২৩-২৪/ ৭৭৪(১২৫৫) তারিখঃ ১৯/০৭/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সাব রেজিস্ট্রি অফিস হতে দায়-মুক্তি সার্টিফিকেট (Non Encumbrance Certificate) সংগ্রহপূর্বক ঋণ নথিভূক্তকরণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল ২০১৯ (প্রকা/এমপিডি(প্রশাসন) পরিপত্র নং-১৪/২০১৯ তারিখঃ ২৪/১২/২০১৯ খ্রিঃ) এর পরিচ্ছেদ-২০ এর অনুচ্ছেদ ২০.০৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল ২০১৯ এর পরিচ্ছেদ-২০ এর উল্লিখিত অনুচ্ছেদ মোতাবেক জামানত হিসেবে প্রদত্ত সম্পত্তি যে বৎসরে তল্লাশি করা হয়েছে সে বছর বাদ দিয়ে বিগত পূর্ণ ১২ বৎসরের জন্য তল্লাশি করার নির্দেশনা রয়েছে। বন্ধকি দলিল সম্পাদনের সময় জামানতি সম্পত্তির দায়মুক্তি সার্টিফিকেট দাখিল করণের নির্দেশনা থাকলেও প্রায়শ লক্ষ্য করা যায় যে, শাখা কর্তৃক দায়মুক্তি সনদ গ্রহণ করা হয় না। ফলে ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণ আদায়ে ঝুঁকির উদ্ভব হচ্ছে। উক্ত দায়মুক্তি সনদ গ্রহণের প্রয়োজনে সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, নিবন্ধন অধিদপ্তর এর স্মারক নং-১০.০৫.০০০০.০০১.০৮.০০১.২১-২০/০১ (৬১) তারিখ ১৭/০১/২০২২ সহায়ক হিসেবে ব্যবহার করা যাবে।

০৩। এমতাবস্থায়, নিবন্ধন অধিদপ্তরের উক্ত নির্দেশনা অনুসরণপূর্বক নির্ধারিত ফি প্রদান করে (প্রযোজ্য ক্ষেত্রে) নির্দায় (Non Encumbrance Certificate) সনদপত্র গ্রহণকরতঃ সংশ্লিষ্ট ঋণ নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

(স্বাক্ষরিত) ১৯/০৭/২০২৩
(মোহাম্মদ মইনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ০২২২৩৩-৮৮৯৪৯

নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/১(১৩)/২০২৩-২০২৪/ ৭৭৪(১২৫৩) তারিখঃ ১৯/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(স্বাক্ষরিত) ১৯/০৭/২০২৩
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ ।
(www.rd.gov.bd)

স্মারক নং- ১০.০৫.০০০০.০০১.০৮.০০১.২১- ২০/২(৫২)

তারিখঃ- ২৭/০২/২০২২

বিষয় ঃ দায়মুক্ত সনদ (NEC) ইস্যু প্রসঙ্গে।

সূত্র ঃ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-এর স্মারক নং ৫৩.১৪.০০০০.১৮০.৩৯.০২২.২০.৪৬২৬/১
তারিখ ঃ ২২-১২-২০২১ খ্রিঃ।

উর্পযুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সহযোগী সরকারী প্রতিষ্ঠান হিসাবে ১. বাংলাদেশ উন্নয়ন ব্যাংক লিঃ ২. বাংলাদেশ গৃহ নির্মান ফাইনান্স কর্পোরেশন ৩. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা ও ৪. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লিঃ ও বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ এর মাধ্যমে নির্দায় সনদ পত্রের আবেদন নির্ধারিত সরকারী ফিস প্রদান সাপেক্ষে ইস্যু করার জন্য অনুমতি প্রদান করা হলো।

২৭/০২/২০২২
(শহীদুল আলম ঝিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ-ঢাকা।

জেলা রেজিস্ট্রার..........................................(সকল)।